তারিখ 31. AUG. 2015
পৃষ্ঠা ৮ কলাম ৪

প্রথম আলো

# মেডিকেলের ভুল প্রশ্ন শিক্ষার্থীকে ভর্তির নির্দেশ আপিল বিভাগের

নিজস্ব প্রতিবেদক ●

২০১২-১৩ শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে ভুল থাকায় এক শিক্ষার্থীকে ভর্তি করাতে হাইকোর্টের রায় বহাল রেখেছেন আপিল বিভাগ।

রাষ্ট্রপক্ষের করা এক আবেদনের নিষ্পত্তি করে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার সদস্যের বেঞ্চ গতকাল রোববার এ আদেশ দেন। আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম ও ডেপুটি অ্যাটর্নি জেনারেল একরামুল হক। ওই শিক্ষার্থীর পক্ষে ছিলেন তাঁর বাবা আইনজীবী মো. ইউনূছ আলী আকন্দ।

ইউনূছ আলী আকন্দ বলেন, '২০১২-১৩ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে ৩৮টি ভুল ছিল। প্রশ্নপত্রে ভুল না থাকলে আমার মেয়ে ইফরিত বিনতে ইউনূছ পরীক্ষায় পাস করত। ওই ভুল প্রশ্নের বৈধতা চ্যালেঞ্জ করে ওই সময় আমি হাইকোর্টে রিট আবেদন করি। গত ৫ মার্চ প্রশ্নপত্রে সাতটি ভুল চিহ্নিত করেন হাইকোর্ট। একই সঙ্গে আদালত আমার মেয়েকে একটি সরকারি মেডিকেল কলেজে ভর্তি করানোর জন্য স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, অধিদপ্তরের মেডিকেল এডুকেশন শাখার পরিচালক ও স্বাস্থ্য সচিবকে নির্দেশ দেন। এ ছাড়া তাকে বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য যত খরচ হয়েছে, তা ফেরত দেওয়ার জন্য আদালত নির্দেশ দেন। হাইকোর্টের ওই রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ আপিলে যায়। রোববার আপিল বিভাগ হাইকোর্টের ওই রায় বহাল রেখেছেন।'